

মিটিং মাইনুটস

অদ্য ১৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখ বিকাল ৪.০০ টায় নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সাহেদা কাদের মিলনায়তনে প্রধান কার্যালয়ের পাক্ষিক মিটিং অনুষ্ঠিত হয়। মিটিং এ নিম্নলিখিত এজেন্ডাসমূহ আলোচনা করা হয়।

১. প্রধান কার্যালয়ের কমন সার্ভিস
২. ব্যাংক হিসাব
৩. সেবাকর্মী ব্যবস্থাপনা
৪. ইন্টারনেট সেবা
৫. Productivity & Effectiveness
৬. অন্যান্য

১. **প্রধান কার্যালয়ের কমন সার্ভিস:** প্রধান কার্যালয়ের কমন সার্ভিস সংক্রান্ত আলোচনায় চা এর মান নিয়ে আলোচনা করা হয়। বর্তমানে চা এর মান ভালো না হওয়ায় চা এর মান বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। এ বিষয়ে লজিস্টিক অর্গানাইজার আমজাদ হোসেন কে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়া হয়।
২. **ব্যাংক হিসাব:** প্রধান কার্যালয়ের সকল সহকর্মীদের ব্যাংক হিসাব ডাচবাংলা ব্যাংক লিমিটেড এ চালু করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ফেব্রুয়ারি মাসের বেতন ডাচবাংলা ব্যাংক এর মাধ্যমে দেয়ার সিদ্ধান্ত হয়।
৩. **Productivity & Effectiveness:** প্রধান কার্যালয়ের সহকর্মীদের Productivity বাড়ানোর উদ্দেশ্যে সংস্থার প্রচলিত Daily Work plan, Activity Plan এবং Advance Plan সমূহ যথাযথ চর্চা ও তদানুযায়ী কার্যসম্পাদনের জন্য আলোচনা করা হয়। আলোচনা শেষে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে অবশ্যই সকল সহকর্মী এ বিষয়ে সচেতন থাকবেন এবং পালন করবেন। এছাড়াও সকল সহকর্মীদের নিয়মিত শরীর চর্চা করার জন্য বলা হয় এবং BMI আবার সকল পর্যায়ে নির্ণয় করার জন্য সিদ্ধান্ত হয়।
৪. **ইন্টারনেট সেবা:** অফিসে সম্প্রতি সংযোগকৃত ইন্টারনেট কানেকশন এর স্পীড ভালো না থাকায় আগামী ২০ ফেব্রুয়ারী ২০১৩ তারিখ পর্যন্ত পরীক্ষামূলকভাবে চালু রাখার জন্য বলা হয়। উল্লেখিত সময়সীমার মধ্যে স্পীড ভালো না পাওয়া গেলে তা বিচ্ছিন্ন করে বাংলা লায়ন ওয়াইম্যাক্স লাইন চালু করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সমন্বয়কারী-আইসিটিকে দায়িত্ব প্রদান করা হয়।
৫. **সেবাকর্মী ব্যবস্থাপনা:** প্রধান কার্যালয়ের কমনসার্ভিস অর্গানাইজারদের মধ্যে একজনকে বিকাল ৬.০০ পর্যন্ত অফিসে থাকার জন্য বলা হয় এবং সমন্বয়কারী-মানব সম্পদ ব্যবস্থাপনা কমনসার্ভিস অর্গানাইজারদের সাথে আলোচনা করে Roster ভিত্তিক দায়িত্ব নির্ধারণ করে দিবেন।
৬. **অন্যান্য:** অন্যান্য আলোচনার মধ্যে সাহেদা কাদের মিলনায়তনে জরুরী ভিত্তিতে গ্যাসের চূলা ও সিলিভার স্থাপনের জন্য বলা হয়।

আর কোন আলোচনা না থাকায় নির্বাহী পরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রস্তুতকারী

নূর মোহাম্মদ

সমন্বয়কারী-মানব সম্পদ ব্যবস্থাপনা